

নৈসর্গিক সৌন্দর্যের লীলাভূমি রাঙ্গামাটি পার্বত্য জেলার অন্তর্গত রাজস্থলী উপজেলা। পাহাড় ঘেরা একটি বৈচিত্রময় জনপদ যেখানে মারমা, তঞ্চঙ্গ্যা, ত্রিপুরা, মুরং, খেয়াং, রাখাইন, সর্বোপরি বাঙ্গালীসহ ০৭টি জাতিসম্ভার বসবাস করে। উল্লেখ্য যে এখানে কিছু চাকমা সম্প্রদায়ের বসবাস রয়েছে।

ভৌগলিকভাবে এ উপজেলা ২২°১৭' হতে ২২°২৬' উত্তর অক্ষাংশ এবং ৯২°০৬' হতে ৯২°২২' পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। রাজস্থলী এক সময় চন্দ্রঘোনা থানার অধীনে 'ঘিলাছড়ি' নামে একটি মাত্র ইউনিয়ন ছিল। ১৯৮০ খ্রিস্টাব্দে ঘিলাছড়িকে ঘিলাছড়ি, গাইন্দ্যা ও বাঙ্গালহালিয়া নামে তিনটি ইউনিয়নে বিভক্ত করে 'রাজস্থলী' নামে একটি প্রশাসনিক ও পুলিশ থানা গঠিত হয়। এ উপজেলার ৯টি মৌজা বোমাং সার্কেলের আওতাধীন। এ উপজেলার সর্বোচ্চ পাহাড় 'জান্দিমইন'- যার উচ্চতা প্রায় ৮০০ মিটার।

ভৌগলিক বৈচিত্র্যময় সৌন্দর্য্য এবং বিভিন্ন ধর্ম, বর্ণ, ভাষা, সংস্কৃতির সম্মিলন যোগ করেছে এক ভিন্ন মাত্রা। রাঙ্গামাটি জেলার এই রাজস্থলী উপজেলার জনগোষ্ঠীর তথ্য প্রাপ্তি সুযোগকে স্বরান্বিত করতে এবং বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারকে বাস্তবায়ন করার নিরিখে এ উপজেলার ওয়েভ পোর্টাল তৈরীর প্রয়াস যুগিয়েছে। উপজেলার ওয়েভ পোর্টাল আরও বেশি তথ্যবহুল করার জন্য উপজেলার সর্বস্তরের জনগণের সহযোগিতা একান্ত কাম্য। জেলার প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত এই ওয়েভ পোর্টাল এর মাধ্যমে এতটুকু উপকৃত হলে রাজস্থলী উপজেলা পরিষদ এর উদ্দেশ্য সার্থক হবে এবং সে সাথে সকলকে এই রাজস্থলী উপজেলা ওয়েভ পোর্টাল এ স্বাগতম।